



সূত্র: সিএআরএএসএস/২০২৪/

তারিখ: _____

১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ

০২ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

এ. কে. এম. আব্দুল হামিদ ও বেগম সেলিমা জাহান স্মারক গবেষণা বৃত্তি: ২০২৪
দরখাস্ত আহ্বান (২য় পর্যায়)

এ. কে. এম. আব্দুল হামিদ ও বেগম সেলিমা জাহান স্মারক গবেষণা বৃত্তি তহবিল থেকে বৃত্তি প্রদানের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগে যারা পিএইচ.ডি. পর্যায়ে গবেষণায় নিয়োজিত তাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

এই গবেষণা বৃত্তির জন্য আগ্রহী প্রার্থীকে স্ব স্ব সুপারভাইজার ও সংশ্লিষ্ট অনুষদের (কলা ও সামাজিক বিজ্ঞান) ডিনের সুপারিশক্রমে পরিচালক, উচ্চতর মানবিক ও সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্র (CARASS) টিএসসি কম্পাউন্ড, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর আগামী ০৫-০১-২০২৫ তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর জীবন-বৃত্তান্ত, এক কপি ছবি ও গবেষণা প্রস্তাবনা / গবেষণা কর্মের বিষয়বস্তু (সর্বোচ্চ ২ পৃষ্ঠার মধ্যে) সংযুক্ত করতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত যে কোনো বিভাগের অধীনে পিএইচ.ডি. পর্যায়ে গবেষণারত প্রার্থী যারা বিভাগীয় একাডেমিক কমিটিতে কমপক্ষে একটি পিএইচ.ডি. সেমিনার প্রদান করেছেন তারা এই বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ থেকে ০১ (এক) জন করে দুই অনুষদের ০২ (দুই) জন পিএইচ.ডি. গবেষককে এই বৃত্তি প্রদান করা হবে।

কমিটি কর্তৃক বাছাইকৃত প্রত্যেক গবেষক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা (দুই কিস্তিতে পরিশোধযোগ্য) গবেষণা বৃত্তি পাবেন। প্রথম কিস্তির (৫০%) টাকা পরিশোধের পর সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কের সুপারিশক্রমে দ্বিতীয় কিস্তির (অবশিষ্ট ৫০%) টাকা ২য় সেমিনার সম্পন্ন করার পর পরিশোধ করা হবে।

স্বা/-

(অধ্যাপক ড. আশফাক হোসেন)

পরিচালক

১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ

মেমো নং সিএআরএএসএস/২০২৪/৩৩৪-সি

তারিখ: _____

০২ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. ডিন, কলা অনুষদ/সামাজিক বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২. সকল বিভাগের চেয়ারম্যান (কলা অনুষদভুক্ত), ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩. সকল বিভাগের চেয়ারম্যান (সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত), ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪. পরিচালক, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ)।
৫. উপ-রেজিস্ট্রার (শিক্ষা-৪), ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬. সচিব মহোদয়, কোষাধ্যক্ষের দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয় (মাননীয় কোষাধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য)।
৭. অফিস কপি।